

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

তাগিদপত্র-১

স্মারক নং-৩৮.০০.০০০০.০০০.৩০১.১৮.০৮২০.২৫-৫৭২

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

বিষয়: উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর উপজেলা অফিস স্পেস সংকুলান বিষয়ে হালনাগাদ তথ্য প্রেরণ সংক্রান্ত।
সূত্র: উশিবিুর স্মারক নং: ৩৮.০০.০০০০.০০০.৩০১.১৮.০৮২০.২৫-৪৯৬, তারিখ: ১৯/০৪/২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর উপজেলা পর্যায়ে অফিস স্থান সংকুলান বিষয়ে উপজেলা অফিস স্থাপনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং অফিস স্থাপন পরবর্তী এ সংক্রান্ত হালনাগাদ তথ্য ১০ (দশ) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরকে অবহিত করার বিষয়ে সকল জেলার সহকারী পরিচালকগণকে পত্র প্রেরণ করা হয়েছিল। যে সকল উপজেলায় অফিস সংকুলানের স্পেস উপজেলা পরিষদ কমপ্লেক্স/ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে পাওয়া গিয়েছে এবং যে সকল উপজেলায় পাওয়া যায়নি তার তালিকা এবং কারণ অত্র দপ্তরকে অবহিত করা প্রয়োজন।

২। অফিস স্থাপন পরবর্তী এ সংক্রান্ত হালনাগাদ তথ্য এখন পর্যন্ত ময়মনসিংহ, যশোর ও রংপুর জেলা ব্যতীত অন্য কোনো জেলা হতে প্রেরণ করা হয়নি। এমতাবস্থায়, উপজেলা সমূহে অফিস স্থাপন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জরুরি ভিত্তিতে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এ সংক্রান্ত প্রয়োজনে অত্র দপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন) এর সাথে যোগাযোগ করা যেতে পারে (০১৫২১-৩৯২৯০৪)।

স্বাক্ষরিত/-
০৩/০৫/২৬

মোঃ মাহবুব আলম
উপপরিচালক (সাধারণ প্রশাসন)

সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
.....(সংশ্লিষ্ট সকল)।

স্মারক নং-৩৮.০০.০০০০.০০০.৩০১.১৮.০৮২০.২৫-৫৭২

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৩ মে ২০২৬

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন, অর্থ ও বাজেট, লজিঃ, প্রশিক্ষণ/ পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিবি, ঢাকা।

২। জেলা প্রশাসক.....(সংশ্লিষ্ট সকল)।

৩। উপজেলা নির্বাহী অফিসার.....(সংশ্লিষ্ট সকল)।

৪। সহকারী প্রোগ্রামার, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), উশিবি, ঢাকা।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিবি, ঢাকা।

৬। অফিস কপি।

জিহাদুল ইসলাম জিহাদ
সহকারী পরিচালক (প্রশাসন)